

নং. 4.17

এক্সিকিউটিভ অর্ডার

নিউ ইয়র্ক স্টেটে স্বাস্থ্যসেবা কর্মী সংকটের কারণে স্টেটব্যাপী ঘোষিত দুর্যোগকালীন জরুরি অবস্থা অব্যাহত রয়েছে

যেহেতু, হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলোতে কর্মী সংকট রয়েছে এবং এটি অব্যাহত থাকার আশংকা রয়েছে;

যেহেতু, হাসপাতালে ও অন্যান্য স্বাস্থ্যসেবা কেন্দ্রে গুরুতর কর্মী-সংকট জরুরি সেবা প্রদান করা এবং ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে পর্যাপ্ত সেবা প্রদানের ক্ষমতাকে প্রভাবিত করা অব্যাহত রাখবে বলে আশংকা করা হচ্ছে;

যেহেতু, হাসপাতাল ও স্বাস্থ্যসেবা কেন্দ্রগুলো যাতে সেবা প্রদান করতে পারে তা নিশ্চিত করতে কর্মী সংকট পূরণ করার তাৎক্ষণিক ও জরুরি প্রয়োজন রয়েছে;

এখন, সুতরাং, আমি, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর ক্যাথি হোকল, নিউ ইয়র্ক স্টেটের সংবিধান এবং নিউ ইয়র্ক স্টেটের আইনসমূহ দ্বারা আমার উপর অর্পিত কর্তৃত্বের ভিত্তিতে এক্সিকিউটিভ অর্ডার 4-এ বর্ণিত হিসেবে এবং এর উত্তরসূরিদের দ্বারা যেমন অব্যাহত রাখা ছিল তেমন রাজ্যের দুর্যোগের জরুরি অবস্থার মেয়াদ সম্প্রসারণ করছি এবং 21 ফেব্রুয়ারি, 2023 পর্যন্ত এক্সিকিউটিভ অর্ডারে 4 ও এর উত্তরসূরিতে বর্ণিত মেয়াদ, শর্তাবলী, ও স্থগিতাদেশগুলি বহাল রাখছি:

আমার স্বহস্তে এবং অ্যালবানি শহরে স্টেটের
প্রিভি সিলের অধীনে দুই হাজার
তেইশ সালের জানুয়ারি মাসের
দ্বাবিংশতম দিনে এটি প্রদান করা হল।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব